অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/6/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ডিপার্টমেন্ট অফ হোমল্যান্ড সিকিউরিটির ভারপ্রাপ্ত সেক্রেটারি চ্যাড উলফকে আন্তর্জাতিক বিমানের যাত্রীদের জন্য COVID-19 পরীক্ষার বাধ্যবাধকতা জারির আহ্বান জানিয়ে চিঠি দিয়েছেন

DHS, CDC এবং HHS কে প্রস্থানের ৭২ ঘণ্টার মধ্যে নেতিবাচক PCR পরীক্ষার বাধ্যবাধকতা জারির জন্য অবিলম্বে ব্যবস্থা নিতে বলেছেন

COVID-19 এর যুক্তরাজ্যের ভ্যারিয়েন্ট থেকে নিউ ইয়র্কবাসীদের রক্ষা করা

সপ্তাহে 70,000 থেকে 80,000 আন্তর্জাতিক যাত্রী JFK বিমানবন্দরে পৌঁছান

চিঠিটি দেখতে এখানে ক্লিক করুন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অফ হোমল্যান্ড সিকিউরিটির (Department of Homeland Security, DHS) ভারপ্রাপ্ত সেক্রেটারি চ্যাড উলফকে একটি চিঠি জারি করে বলেছেন যে যুক্তরাষ্ট্রে প্রবেশের অনুমতি পাওয়ার পূর্বে বিমান যাত্রীদের যেন নেতিবাচক COVID-19 পরীক্ষার ফলাফল পাওয়ার প্রয়োজনীয়তা জারি করা হয়। প্রায় 120টি দেশের যাত্রীদের আন্তর্জাতিক ফ্লাইটে ওঠার আগে একটি নেতিবাচক পরীক্ষার ফলাফল উপস্থাপন করতে হয়। 70,000 থেকে 80,000 আন্তর্জাতিক যাত্রী প্রতি সপ্তাহে নিউ ইয়র্ক সিটির জন এফ কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দরে আসেন। ফেডারেল সরকার এখন যুক্তরাজ্য থেকে আসা ভ্রমণকারীদের একটি নেতিবাচক পরীক্ষার ফলাফল পাওয়ার প্রয়োজনীয়তা রেখেছে, কিন্তু COVID-19 এর যুক্তরাজ্য ভ্যারিয়েন্ট 30টিরও বেশি দেশে ছড়িয়ে পড়েছে।

চিঠিটির সম্পূর্ণ বার্তা নিম্নরূপ:

06 জানুয়ারী 2021

প্রিয় ভারপ্রাপ্ত সেক্রেটারি উলফ:

আমি একটি জরুরি আর্জি নিয়ে আপনাকে চিঠি লিখছি। আমি অনুরোধ করছি যে আপনি অবিলম্বে CDC এবং HHS এর সাথে ব্যবস্থা নিন যাতে আন্তর্জাতিক গন্তব্য স্থল থেকে আসা সকল যাত্রীদের যাত্রার 72 ঘন্টার মধ্যে একটি নেতিবাচক PCR পরীক্ষা করতে হয়।

বর্তমানে প্রতি সপ্তাহে মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে থেকে JFK তে 70-80,000 যাত্রী আসছে। আমি কয়েক মাস ধরে 100 জনের মত কর্মী মোতায়েন করেছি অভ্যন্তরীণ ফ্লাইটের প্রয়োজনীয়তা করার জন্য, এবং আমাদের অভ্যন্তরীণ ভ্রমণের কোয়ারান্টাইন বলবৎ করার জন্য, কিন্তু আন্তর্জাতিক ফ্লাইটে আসা যাত্রীদের জন্য এটি করার আমার সুযোগ নেই। বিমানবন্দরের ঐ এলাকাগুলি কাস্টমস অ্যান্ড বর্ডার প্রোটেকশন এবং CDC এর সম্পূর্ণ ফেডারেল নিয়ন্ত্রণাধীন। একবার একজন ব্যক্তি যুক্তরাষ্ট্রের মাটিতে পৌঁছে গেলে, আমি বিশ্বাস করি যে অনেক দেরি হয়ে গেছে।

অন্য অনেক দেশ নভেম্বর বা ডিসেম্বরে আক্রমণাত্মক আচরণ করেছে, হয় ফ্লাইট অবতরণ করিয়েছে, অথবা কঠোর কোয়ারান্টাইন এবং পরীক্ষার প্রয়োজনীয়তা বলবৎ করার জন্য ফ্লাইটগুলিকে বাধ্য করেছে। প্রায় 120টি দেশে প্রত্যেক যাত্রীকে বোর্ডিং এর আগে একটি নেতিবাচক পরীক্ষার ফলাফল উপস্থাপন করতে হয়, এবং আরো ডজন খানেক সব ভ্রমণ সম্পূর্ণভাবে নিষিদ্ধ করেছে। 25 ডিসেম্বর তারিখে, শুধুমাত্র যুক্তরাজ্য থেকে ফিরে আসা পর্যটকদের কাছ থেকে আপনারা দেরিতে একটি নেতিবাচক পরীক্ষার ফলাফলের প্রয়োজনীয়তা জারি করেন। কিন্তু যুক্তরাজ্যের ভ্যারিয়েন্ট, "B.1.1.7" যা এখন পর্যন্ত 50-70% পর্যন্ত বেশি সংক্রামক বলে অনুমান করা হয়েছে, এখন অন্য 30টিরও বেশি দেশে পাওয়া গেছে। এই স্ট্রেইন এতটাই ভয়াবহ যে নভেম্বর মাসে যুক্তরাজ্যের সব কেসের এক চতুর্থাংশ থেকে মাত্র এক মাসের মধ্যে দুই-তৃতীয়াংশে পরিণত হয়েছে। একটি দক্ষিণ আফ্রিকান এবং এখন নাইজেরিয়ার স্ট্রেইনও চিহ্নিত করা হয়েছে, উভয়ই ক্রমবর্ধমান সংক্রামকতার প্রমাণ দেখাচ্ছে।

যদিও আমরা এখনো জানি না যে এই সব ভ্যারিয়েন্টের আমাদের জরুরি ভিত্তিতে তৈরি করা টিকার প্রভাব এড়ানোর উপায় আছে কিনা, আমরা শুধু আশা করতে পারি যে যুক্তরাষ্ট্রের স্বাস্থ্যসেবা ব্যবস্থার ক্ষমতার বাইরে আমাদের কেসলোড বাড়ানোর আগেই আমরা তা বন্ধ করে দিতে পারি।

এটা পরিচালনা করার একমাত্র উপায় হচ্ছে উৎসে এটা নিয়ন্ত্রণ করা - যে কোন পজিটিভ যাত্রীকে প্লেনে উঠতে বাধা দেওয়া। আমরা আমাদের নিজস্ব জেনেটিক পরীক্ষা থেকে দেখেছি যে নিউ ইয়র্কে আসা ভাইরাস ইউরোপ থেকে এসেছে, চীন নয়। বিমানবন্দর নিয়ন্ত্রণ করতে আমাদের ব্যর্থতা এই ভাইরাস আমাদের কাছে নিয়ে এসেছে। আমরা এখন দেখেছি যে যুক্তরাজ্যের স্ট্রেইনটি নিউ ইয়র্ক এবং অন্যান্য রাজ্যে যাতে না পৌঁছায় তার জন্য ক্রিসমাসে যে পদক্ষেপ নেওয়া হয়েছে তা অনেক দেরি হয়ে গেছে এবং তা ছড়িয়ে পড়ছে।

আমরা এখনো গত বসন্ত থেকে আমাদের ভুল শিখতে পারি, আমাদের যা করতে হবে তা আমরা করতে পারি - আন্তর্জাতিক স্থান থেকে যুক্তরাষ্ট্রে উড়ে আসা সকল বিমান সংস্থাগুলিকে একটি নেতিবাচক COVID-19 পরীক্ষার প্রয়োজনীয়তা রাখতে নির্দেশ দেওয়া। কেবল যুক্তরাজ্যের সমস্যাটি

সম্বোধন করাই জন্য যথেষ্ট নয়; সেই ধাপ পার হয়ে গিয়েছে। যাইহোক, আমরা বিজ্ঞান অনুসরণ করে পরবর্তী মিউটেশন প্রতিরোধ করতে পারি।

আমি যে কোন উপায়ে সাহায্য করতে রাজি আছি, কিন্তু শুধুমাত্র কাস্টমস এবং বর্ডার প্রোটেকশন ই আমাদের এই পরবর্তী হুমকি থেকে রক্ষা করতে পারে।

বিনীত,
গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

সিসি: সেক্রেটারি আজার, হেল্থ এন্ড হিউম্যান সার্ভিসেস
ডঃ রেডফিল্ড, CDC

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন